



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

আয়বর্ধক প্রকল্প বাস্তবায়ন করে

চসিকের সক্ষমতা পুনরুদ্ধার করা হবে - মেয়র

চট্টগ্রাম- ২৮ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীর কাছ থেকে কর নিয়ে চলে। এই নির্দিষ্ট আয় দিয়ে সেবার পরিধি বাড়ানো সম্ভব নয়। তাই স্বনির্ভর হতে হবে। এ জন্য প্রয়োজন আয়বর্ধক প্রকল্প বাস্তবায়ন করা। চসিকের বেশ কিছু অব্যবহৃত ভূ-সম্পত্তি রয়েছে। এগুলোতে অগ্রাধিকার ভিত্তিক আয়বর্ধক প্রকল্প বাস্তবায়ন করে চসিকের সক্ষমতা পুনরুদ্ধার করা হবে।

তিনি গতকাল রোববার বিকেলে বেপারী পাড়ায় আত্মবাদ কমার্শিয়াল শপিং কমপ্লেক্স ও ১১ নং দক্ষিণ কাউলীর ফইল্লাতলী কিচেন মার্কেট উদ্বোধনকালে এ কথা বলেন। তিনি আরো বলেন, নগরীতে পর্যায়ক্রমে আরো কিচেন মার্কেট গড়ে তোলা হবে। আজ যে দু'টি বহুতল কিচেন মার্কেট ও শপিং কমপ্লেক্স উদ্বোধন হলো এগুলো নির্মাণে মোট প্রকল্প ব্যয়ের ৯০ শতাংশ যোগান দেয় বিশ্বব্যাংক বিএমডিএফ এর মাধ্যমে এবং বাকি ১০ শতাংশ চসিকের নিজস্ব তহবিল থেকে। এভাবে নগরীর গুরুত্বপূর্ণ কাঁচাবাজারগুলোকে বহুতল কিচেন মার্কেটে রূপান্তর করা হবে। তিনি আরো জানান, বহুতল কিচেন মার্কেটে বাণিজ্যিক ফ্ল্যাট বরাদ্দ ও আবাসন সংস্থান ব্যবস্থা থাকবে। অর্থাৎ এ সকল মার্কেট একের মধ্যে দুই লক্ষ্য পূরণ করবে- বাজার বিপন্ন ও আবাসন।

১১ নং ওয়ার্ডের কাউন্সিলর অধ্যাপক মোহাম্মদ ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএমডিএফ'র ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হাসিনুর রহমান ও চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম এবং অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্যানেল মেয়র আফরোজা কালাম, কাউন্সিলর শেখ জাফরুল হায়দার সবুজ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, বিশিষ্ট রাজনীতিক এরশাদুল আমিন চৌধুরী ও আসলাম হোসেন সওদাগর, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, জসিম উদ্দিন, বিএমডিএফ'র প্রোগ্রাম ম্যানেজার মো. কামরুজ্জামান প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

মেয়রের সাথে বঙ্গবন্ধু ফুটবল টুর্নামেন্টের

চ্যাম্পিয়ন কোতোয়ালী জোনের শুভেচ্ছা বিনিময়

চট্টগ্রাম- ২৮ জুন'২০২১খ্রিঃ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনূর্ধ্ব-১৭ ফুটবল টুর্নামেন্ট চট্টগ্রাম মহানগরী পর্যায়ে বালক গ্রুপে কোতোয়ালী থানা দল চ্যাম্পিয়ন হয়ে ট্রফি নিয়ে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সাক্ষাত করেন এবং ট্রফি হাতে তুলে দিয়ে শুভেচ্ছা বিনিময় করেন। শুভেচ্ছা বিনিময়কালে মেয়র বলেন, সুস্থ সবল জাতী গড়ে তুলতে ক্রীড়ার বিকল্প নেই। তিনি মহানগরীর সকল ওয়ার্ডে খেলাধুলা করার জন্য বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করার কথা বলেন।

এ সময় চসিক প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, মো গিয়াস উদ্দীন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, পুলক খাস্তগীর, গোলাম মোহাম্মদ জোবায়ের, সলিমউল্লাহ বাচ্চু, নুরুল আলম, ওয়াসিম উদ্দিন চৌধুরী, শাহেদ ইকবাল বাবু, মো. আতাউল্লাহ চৌধুরী, মো. মোরশেদ আলী, আবুল হাসনাত মো বেলাল, নুরুল আমিন, মো. আব্দুল মান্নান, কাজী নুরুল আমিন, কোতোয়ালী জোনের টিম ম্যানেজার মো. মোশাররফ হোসেন লিটন, কোচ মো. মহসিন সাজু সহ কর্মকর্তা ও খেলোয়াড়বৃন্দ উপস্থিত ছিলেন।

খুলশী ও চকবাজার এলাকায় চসিকের মোবাইল কোর্ট অভিযান

চট্টগ্রাম-২৮ জুন'২১খ্রিঃ.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর খুলশী ও চকবাজার এলাকায় করোনাভাইরাসজনিত রোগের বিস্তার রোধে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি অমান্য করে প্রতিষ্ঠান খোলা রাখায় ৭টি প্রতিষ্ঠানকে ৩ হাজার ৭ শত টাকা জরিমানা করা হয়। অভিযানে মাস্ক বিহীন লোকজনকে মাস্ক বিতরণ করা হয় এবং জনসাধারণকে মাস্ক পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন করা হয়।

আজ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ) জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩